

advertisement

প্রাথমিক সমাপনী পরীক্ষা নেবেন মাধ্যমিকের শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক

৬ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৬ নভেম্বর ২০১৯ ০২:০৭



শহুরে খবর এবং মুক্তি
আমাদের ময়

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা গ্রহণে বিকল্প প্রস্তুতি নিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। আন্দোলনরত প্রাথমিক শিক্ষকরা পরীক্ষা বর্জন করলে বিকল্প হিসেবে হাইস্কুল ও মাদ্রাসা শিক্ষকদের দিয়ে পরীক্ষা পরিচালনা করা হবে। গতকাল মঙ্গলবার বিষয়টি জানিয়ে অধিদপ্তর থেকে সব জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে চিঠি পাঠানো হয়েছে।

বেতন বৈষম্য নিরসনে তথা প্রধান শিক্ষকদের ১০ম ও সহকারী শিক্ষকদের ১১তম গ্রেডে বেতনের দাবিতে আন্দোলন করছেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা। আগামী ১৭ নভেম্বর থেকে অনুষ্ঠিতব্য প্রাথমিক সমাপনী পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছেন তারা।